Department of Education
Dennis M. Walcott, Chancellor

আপনার প্রাথমিক স্কুলে পাঠরত শিশুর সঙ্গে সাধারণ মূলগত মানের ও পরিবর্তনশীল সরকারি পরীক্ষাগুলি সম্পর্কে কথা বলার বিষয়ে পরামর্শসমূহ

ফেব্রুয়ারী ২০১৩

বিগত বছর দুয়েক ধরে নিউ ইয়র্ক সিটি স্কুলগুলি নতুন ধরনের সাধারণ মূলগত শিক্ষণের মানের দিকে এগিয়ে চলেছে যার অর্থ হচ্ছে শ্রেণীকক্ষে ছাত্র-ছাত্রীদের জন্য আরও অনেক বেশি প্রতিস্পর্ধামূলক কাজের সম্মুখীন হওয়া। এই বসন্তকালীন অধ্যয়নকালে, প্রথমবারের জন্য, ৩য়-৮ম শ্রেণীর জন্য সরকারি পঠন ও গণিতের পরীক্ষাগুলি একটি নতুন মানের প্রতিফলন ঘটাবে। এই পরীক্ষার প্রধান উদ্দেশ্য হবে প্রতিটি শ্রেণীর ছাত্র-ছাত্রীরা কলেজে উন্নীত হওয়ার ব্যাপারে ও নিজেদের জন্য উপযুক্ত কর্মসংস্থান অর্জনের লক্ষ্যে সঠিক দিশায় রয়েছে কিনা তা পরিমাপ করা। যেহেতু আপনার শিশুকে আপনার থেকে বেশি আর কেউই বোঝেনা, তাই আমরা আপনাকে অনুরোধ করব যে পরবর্তী কয়েক সপ্তাহ আপনি আপনার শিশুর সঙ্গে এই পরিবর্তনগুলি সম্পর্কে কথা বলার জন্য কিছুটা সময় ব্যয় করুন। আপনার শিশুর সঙ্গে আপনার আলাপ-আলোচনা করতে যাতে সুবিধা হয় সেই দিকে নজর রেখেই এই নির্দেশিকাটি পরিকল্পনা করা হয়েছে, যেটি এই শীত ও বসন্তকালীন অধ্যয়নকাল জুড়ে গোটা শহরের শিক্ষকদের মধ্যে ও স্কুলগুলির মধ্যে সংগঠিত হতে যাওয়া আলাপ-আলোচনার বিষয়ের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

নতুন মান সম্পর্কে আমি কীভাবে আমার শিশুর সঙ্গে কথা বলব ?

- স্কুলে আপনার পুত্র বা কন্যা বর্তমানে ঠিক কী কী করছে তাই দিয়ে কথা শুরু করুন। কোন কোন বিষয়গুলি বা অ্যাসাইনমেন্টগুলি তাঁদের ভাল লাগে? এ বছর কোনগুলি তাঁদের কাছে খুব কঠিন ছিল? অতীতে করা কাজগুলির থেকে এ বছরের কাজগুলি কী কারণে তাঁদের কাছে আলাদা বলে মনে হয়েছে?
- আপনার শিশুকে জানান যে, এবছর নিউ ইয়র্ক সিটি স্কুলের সমস্ত ছাত্র-ছাত্রীদের নিজেদের শ্রেণীতে অনেক বেশি কঠিন কাজ সম্পূর্ণ করার প্রতিস্পর্ধার সম্মুখীন হতে হবে। কাজগুলি অনেক বেশি কঠিন করে দেওয়ার উদ্দেশ্য হচ্ছে নিজেদের স্কুলের গণ্ডির বাইরের বৃহত্তর পরিমণ্ডলে সফল হওয়ার জন্য তাঁকে প্রস্তুত করে তোলা।
- আপনার শিশুকে বুঝিয়ে বলুন যে, সে বড় হয়ে যখন চাকরির সন্ধান করবে তখন বেশিরভাগ ক্ষেত্রেই তাঁর ভাল পড়ার ও লেখার গুণ থাকাটি একটি আবশ্যক শর্ত হয়ে দাঁড়াবে। বাস্তব জগতের বিভিন্ন সমস্যার সমাধানে তাঁকে কঠিন গাণিতিক সমাধান করতে হবে এবং জোরালো বক্তব্যের মাধ্যমে অন্যদের কাছে বিশ্বাসযোগ্য হয়ে ওঠার জন্য সাক্ষ্য-প্রমাণের সাহায্য নিতে হবে।
- ওকে বলুন যে, যখনই সে তার স্কুলের কাজগুলিকে খুব কঠিন বলে মনে করবে তখন সে যেন হাল না ছেড়ে দেয় এবং বারংবার চেষ্টা চালিয়ে যায়। ওকে আশ্বস্ত করুন যে, লড়াই চালিয়ে যাওয়াই ওর কর্তব্য এবং আপনি বিশ্বাস করেন যে সে নিশ্চয়ই সমস্ত রকম প্রতিস্পর্ধাকে জয় করতে পারবে। নিরন্তর কঠোর পরিশ্রমের মধ্যে দিয়েই সে সমস্ত রকমের কঠিন কাজ করতে ও জীবনে সফলতা লাভে সক্ষম হবে।

আমি কীভাবে আমার শিশুর সঙ্গে নতুন সরকারি পরীক্ষাগুলির বিষয়ে কথা বলব?

- আপনার শিশুকে জিজ্ঞাসা করুন যে, সে ইতিমধ্যেই তাঁর শিক্ষক বা তাঁর সহপাঠীদের কাছ থেকে নতুন সরকারি পরীক্ষাগুলি সম্পর্কে কিছু শুনেছে কিনা। এ বিষয়ে তাঁর বিশেষ কোন চিন্তা বা মতামত আছে কিনা যা সে আপনাকে বলতে চায় সে বিষয়েও জিজ্ঞাসা করুন।
- ওকে বুঝিয়ে বলুন যে, এই এপ্রিলে নিউ ইয়র্ক সিটির সব স্কুলগুলিতে ৩য় থেকে ৮ম শ্রেণীর সমস্ত ছাত্র-ছাত্রীদের মধ্যে পঠন ও গণিতের উপর সরকারি পরীক্ষা গ্রহণ করা হবে যেগুলি অতীতে দেওয়ার তাঁর অন্যান্য পরীক্ষাগুলির তুলনায় সম্ভবত অনেক বেশি কঠিন হতে চলেছে।

- আপনার শিশুকে স্পষ্ট করে বলুন যে, এই পরীক্ষাগুলি সত্যিই কঠিন হতে চলেছে। আর তার কারণ হচ্ছে, উচ্চ স্কুলশিক্ষা সম্পূর্ণ করার পর সে কলেজে যাওয়ার জন্য ও ভাল চাকরি পাবার জন্য সঠিক দিশায় রয়েছে কিনা তা পরিমাপ করার মতো করেই এগুলিকে পরিকল্পনা করা হয়েছে।
- ওকে বুঝিয়ে বলুন যে, এই পরীক্ষাগুলি আসলে তাঁর শিক্ষকদের এটি বুঝতে সাহায্য করবে যে, আপনার শিশু উক্ত বছরে কী কী শিখেছে এবং কী কী তাঁকে এখনও শিখতে হবে। এই ভাবে তাঁর শিক্ষকেরা এই বিষয়টি নিশ্চিত করতে পারবেন যে, সে বড় হয়ে যা হতে চায় তা হওয়ার ব্যাপারে সে সঠিক দিশা অবলম্বন করছে।
- যদি এমন হয় যে, আপনার শিশু এখনও ইংরেজি শিখছে, তাহলে তাঁকে বলুন যে, তাঁর শিক্ষকেরা বোঝেন যে, নতুন পরীক্ষাগুলি বিশেষকরে তাঁর জন্য সত্যিই কঠিন হতে চলেছে। ইংরেজি ভাষাশিক্ষার শিক্ষকেরা তাঁদের ছাত্র-ছাত্রীদের ইংরেজি শিখতে ও একইসঙ্গে তার বিষয়বস্তুগুলি বুঝতে তাঁদের বিশেষভাবে সাহায্য করবেন যা তাঁদের উক্ত পরীক্ষাগুলিতে প্রস্তুত করে তুলতে পারে। আপনার শিশুকে আশ্বস্ত করুন যে, আপনি ও তাঁর শিক্ষক তাঁর উপর অগাধ বিশ্বাস রাখেন এবং আপনারা মিলিতভাবে তাঁকে এই পরীক্ষাগুলিতে কৃতকার্য হতে সাহায্য করবেন।
- আপনার শিশুকে স্মরণ করিয়ে দিন যে, যখনই সে কোন প্রতিস্পর্ধার সম্মুখীন হবে, সে যেন ভেঙ্গে না হয়ে পড়ে বরং সেটি নিয়ে কাজ করে যায় এবং তাকে জয় করার জন্য বারংবার চেষ্টা চালিয়ে যায়।
- আপনার শিশুকে আশ্বস্ত করুন যে, সে পরীক্ষায় যেমন ফলই করুক না কেন আপনি সর্বদা তার পাশে থাকবেন। ওকে বলুন যে, সে যদি কঠোর পরিশ্রমী হয় তাহলে সে অবশ্যই সফল হবে বলে আপনার পূর্ণ বিশ্বাস আছে।

পরীক্ষার দিন আমার শিশুর সাধ্যমত সবচেয়ে ভাল করার বিষয়ে আমি কীভাবে তাঁকে সাহায্য করতে পারি?

- স্বীকার করুন যে, পরীক্ষার বিষয়টি সমস্ত ছাত্র-ছাত্রীকেই কিছুটা উদ্বিগ্ন করে তোলে। পরীক্ষা দেওয়ার ব্যাপারে আপনার শিশুর অনুভূতি কেমন তা জানতে চান এবং এ বিষয়ে তাঁর চিন্তার কারণগুলি মন দিয়ে শুনুন।
- পরীক্ষার আগের রাত্রে আপনার শিশু যাতে ভাল খাবার-দাবার পায় এবং ভালভাবে ঘুমোতে পারে এবং পরীক্ষার দিন সকালে পুষ্টিকর প্রাতরাশ পায় এইসব বিষয়গুলি নিশ্চিত করুন।
- পরীক্ষার আগের রাত্রে আপনার শিশু পরের দিনের জন্য তাঁর ব্যাগ গুছিয়ে রাখছে কিনা তা নিশ্চিত করুন যাতে করে সকালে স্কুলের জন্য প্রস্তুত হতে গিয়ে তাকে ছুটোছুটি না করতে হয়।
- আপনার শিশুর যদি কোন ব্যক্তিনির্দিষ্ট শিক্ষা পরিকল্পনা (IEP)-এর আওতায় থাকে যার জন্য তাকে আলাদা করে পরীক্ষা সংক্রান্ত উপযোজন প্রদান করতে হয়, তাহলে আপনার শিশুকে আশ্বস্ত করুন যে, তাঁর প্রয়োজনীয় উপযোজনগুলি পরীক্ষার সময় তাঁকে প্রদান করা হবে যাতে সে কৃতকার্য হতে পারে।
- আপনার শিশুকে পরামর্শ দিন যে, পরীক্ষা চলাকালীন সময়ে সে যদি উত্কন্ঠা বোধ করে তাহলে তাঁর উচিৎ:
    - চোখ বুজে মনে-মনে ১০ পর্যন্ত গোণা; গভীর শ্বাস নিয়ে আবার চেষ্টা করতে উদ্যত হওয়া।
    - সারা বছর সে যা শিখেছে সে সম্পর্কে চিন্তা করা; শ্রেণীকক্ষে যখন সে একই ধরনের প্রশ্নের সম্মুখীন হয়েছিল তখন সে কীভাব তার সমাধান করেছিল তা বিবেচনা করা।
    - এটি স্মরণ করা যে, আপনার তাঁর উপর পূর্ণ আস্থা আছে এবং আপনি বিশ্বাস করেন যে, সে এই ধরনের প্রতিস্পর্ধাকে জয় করতে পারে।

Department of Education
Dennis M. Walcott, Chancellor

পরীক্ষার শেষে আমার শিশুকে আমার কী বলা উচিৎ ?

- আপনার শিশু কেমন পরীক্ষা দিল তা তাঁর কাছে জানতে চান। জিজ্ঞাসা করুন, কোন ধরনের প্রশ্ন সহজ ও কোন ধরনের প্রশ্ন জটিল বলে তাঁর মনে হয়েছিল এবং কেন। "তুমি কী শিখলে?" "কোন বিষয়টি তোমাকে বিস্মিত করেছে?" "এমন কোন বিষয় ছিল কি যা পড়তে গিয়ে তোমার চাতুরতাপূর্ণ বলে মনে হয়েছে?" আপনার, আপনার শিশুর ও তাঁর শিক্ষকদের কাছে শিক্ষা-পদ্ধতির একটি অতি গুরুত্বপূর্ণ দিক হচ্ছে, পরীক্ষার ঠিক কোন কোন বিষয়গুলি আপনার শিশুর কাছে কঠিন বলে মনে হয়েছে এবং কেন তা স্পষ্টভাবে বুঝতে পারা।
- পরীক্ষার ফল প্রকাশিত হওয়ার পর আপনার শিশুর সঙ্গে এই ধরনের আলাপচারিতা থেকে আপনি কী জানতে পেরেছেন সে বিষয়ে আপনার শিশুর শিক্ষকদের জানান। আপনি বাড়িতে আরও কীভাবে আপনার শিশুকে সাহায্য করতে পারেন সে বিষয়ে জানতে চান।
- আপনার শিশুকে এটি স্মরণ করিয়ে দিন যে, এই ধরনের পরীক্ষাগুলি নেওয়ার উদ্দেশ্য হচ্ছে তাঁকে শিক্ষাদানের ব্যাপারে তাঁর শিক্ষকদের সাহায্য করা এবং সে আরও কী শিখতে ও করতে সক্ষম সে বিষয়ে জানার জন্য আপনিও তাঁকে প্রয়োজন মতো সাহায্য করবেন।
- এই সমস্ত পরীক্ষার ফলাফল ও শ্রেণীকক্ষে তাঁর করা কাজ থেকে যদি এটি প্রতীয়মান হয় যে, তাঁর অতিরিক্ত সাহায্যের প্রয়োজন, তাহলে আপনার শিশুকে আশ্বস্ত করুন যে, আপনি তাঁর স্কুলের সঙ্গে কথা বলে এমন কিছু পরিকল্পনা করবেন যা তাঁকে কৃতকার্য হতে সাহায্য করতে পারে।